



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

অতীব জরুরী

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.৭২.০০০২.২৩.১৫৯

বিষয়: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন ভূমির জেলাভিত্তিক অধিগ্রহণকৃত ও লিজ সংক্রান্ত তথ্যাবলী প্রেরণ।

- সূত্র: ১। অত্র দপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.২০৩.৭২.০০০২.২৩-১০৩ তারিখ: ১৪ মে ২০২৪ খ্রি.।
২। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০০.০০০০.০০০.০৩৬.৯৯.০০০৯.১৮.৩১৪ তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.।
৩। অত্র দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.০০০.২০৩.৭২.০০০২.২৩.১৩১ তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.।
৪। অত্র দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.০০০.২০৩.৭২.০০০২.২৩.১৫৫ তারিখ: ০২ ডিসেম্বর ২০২৫ খ্রি.।
৫। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০০.০০০০.০০০.০৩৬.৯৯.০০০৯.১৮.৩৮৯ তারিখ: ০৩ ডিসেম্বর ২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী বাপাউবো'র আওতাধীন ভূমির জেলাভিত্তিক অধিগ্রহণকৃত ও লিজ সংক্রান্ত (মাঠ পর্যায় হতে প্রাপ্ত) তথ্যাদি ১নং সূত্রে ১৪ মে ২০২৪ খ্রি. তারিখে নির্ধারিত ছকে (অত্রসাথ সংযুক্ত ১৫ ও ১৩ কলামের ছক) পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। অতঃপর ২নং সূত্রে পানি সম্পদ মন্ত্রণালয় উক্ত তথ্যাদি পুনরায় যাচাই-বাছাই পূর্বক হালনাগাদ তথ্য নির্ধারিত ছকে (অত্রসাথ সংযুক্ত ১৫ ও ১৩ কলামের ছক) ৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন (কপি সংযুক্ত)। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তর হতে মন্ত্রণালয়ের পত্রটি ৩নং সূত্রে পৃষ্ঠাঙ্কনপূর্বক মাঠ দপ্তরে প্রেরণ করা হয়। সে আলোকে বাপাউবো'র ৭টি পানি উন্নয়ন বিভাগ হতে হার্ডকপি সহ মোট ৪৯টি পানি উন্নয়ন বিভাগের তথ্যাদি প্রাপ্ত হলেও নির্ধারিত ছকের অধিকাংশ কলাম ফাঁকা রেখেই অসংগতিপূর্ণ ও গড়মিল তথ্য প্রেরণ করা হয়েছে; যেমন: “জমির শ্রেণি” কলামে লেখা হয়েছে- বিভিন্ন, “খতিয়ান” কলামে লেখা হয়েছে- বিভিন্ন এবং কলামের যোগফল করা হয়নি, যা তথ্য প্রদানে উদাসীনতার শামিল।

উক্ত অসংগতিপূর্ণ তথ্য ৪নং সূত্রে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে ৫নং সূত্রে পানি সম্পদ মন্ত্রণালয় হতে যথাযথভাবে ছক পূরণপূর্বক পূর্ণাঙ্গ তথ্যাদি আগামী ০৭ কর্মদিবসের মধ্যে (হার্ডকপি ও সফটকপি) প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, পানি সম্পদ মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী হালনাগাদ তথ্যাবলী অত্রসাথ সংযুক্ত ১৫ ও ১৩ কলামের ছকে যথাযথভাবে পূরণ করতঃ ০৪ কর্মদিবসের মধ্যে স্বাক্ষরকৃত হার্ডকপি অত্র দপ্তরে এবং সফটকপি (স্বাক্ষরকৃত pdf কপি ও MS Excel শীট) landrev@yahoo.com ইমেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ছকের কোন কলাম পরিবর্তন করা যাবে না এবং ছক সংক্রান্ত যেকোন জিজ্ঞাসার জন্য অত্র দপ্তরের সাথে যোগাযোগ করা যেতে পারে। অসম্পূর্ণ / গড়মিল / অসংগতিপূর্ণ এবং কলামের যোগফল ব্যতীত তথ্য প্রেরণ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সকল সংযুক্তিসমূহ:

- (১) সূত্রস্থ ১নং স্মারকের পত্র
- (২) সূত্রস্থ ২নং স্মারকের পত্র
- (৩) সূত্রস্থ ৩নং স্মারকের পত্র
- (৪) সূত্রস্থ ৪নং স্মারকের পত্র
- (৫) সূত্রস্থ ৫নং স্মারকের পত্র
- (৬) জেলাভিত্তিক অধিগ্রহণকৃত ও লিজ সংক্রান্ত ভূমির তথ্যাবলী ছক (১৫ কলাম ও ১৩ কলাম)



১০-১২-২০২৫
মোঃ আতিকুর রহমান
পরিচালক (অঃ দাঃ)
০২২২২৩০০৫৬

নির্বাহী প্রকৌশলী (সকল)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.৭২.০০০২.২৩.১৫৯/১ (১৫)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

আদিষ্টক্রমে সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো (সংশ্লিষ্ট সকলকে যথাযথ নির্দেশনা প্রদানের সদয় অনুরোধসহ)।
- ৩। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাপাউবো (সংশ্লিষ্ট সকলকে যথাযথ নির্দেশনা প্রদানের সদয় অনুরোধসহ)।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৬। উপ-পরিচালক-১, ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৭। উপ-পরিচালক-২, ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৮। উপ-পরিচালক-৩, ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৯। সিনিয়র সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) / সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) (সকল), বাপাউবো।
- ১০। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), বাপাউবো।
- ১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ১৪। রাজস্ব সার্ভেয়ার (সকল), বাপাউবো।
- ১৫। অফিস কপি, মাস্টার কপি।



১০-১২-২০২৫
মোঃ জাহিরুল ইসলাম
উপ-পরিচালক